



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ



তারিখঃ ১৮/১০/২০২১ খ্রি.

অনার্স ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষা-২০২০ এর আবেদন ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি
(২০১৯ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীদের জন্য)

গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ এর ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অনার্স ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষা-২০২০ এর পরীক্ষার্থীদের ফরম পূরণের তারিখ, ফিস এর হিসাব ও অন্যান্য নিয়মাবলী নিম্নে দেয়া হলো। পরীক্ষার আবেদন ফরম পূরণের সকল ক্ষেত্রে অবশ্যই কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।


পরীক্ষার আবেদন ফরম পূরণের তারিখ ও ফিসের হিসাব নিম্নরূপ

ক্র. নং	বিভাগ	ফির বিবরণ	আবেদন ফরম পূরণের তারিখ	পরীক্ষা ফি পরিশোধের তারিখ
১.	সকল বিভাগ	এক পত্র কোড/কোর্স- ২৫০/- একাধিক পত্র কোড/কোর্স- ৩৫০/- (ব্যবস্থাপনা ফি- ৫০/- টাকাসহ)	১৯/১০/২০২১ হতে ১০/১১/২০২১ তারিখ পর্যন্ত	২১/১০/২০২১ হতে ১০/১১/২০২১ তারিখ পর্যন্ত (কলেজ অফিসে)

উল্লেখ্য, সম্মানিত বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

পরীক্ষার আবেদন ফরম পূরণের নিয়মাবলী:

- ১। পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd অথবা www.nubd.info/honours এ প্রবেশ করে যথাযথভাবে পরীক্ষার আবেদন ফরম পূরণ করে সাবমিটপূর্বক ডাউনলোড করে নিতে হবে।
- ২। আবেদন ফরমে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগাতে হবে এবং ০১ (এক) কপি ছবি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, অকৃতকার্য/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী বছরের প্রবেশপত্রের ফটোকপি ও কলেজ অফিসে ফি জমাদানের রসিদ আবেদন ফরমের সাথে আগামী ২১/১০/২০২১ হতে ১০/১১/২০২১ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।
- ৩। জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরমে উল্লিখিত টাকার সাথে ব্যবস্থাপনা ফি- ৫০/-সহ মোট টাকা কলেজ অফিসে জমা দিয়ে রসিদ নিতে হবে।
- ৪। ২০১৯ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় সকল পত্রে/ কোর্সে অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে/কোর্সে অকৃতকার্য হয়েছে শুধুমাত্র সে সকল পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।
- ৫। অনার্স ১ম, ২য় ও ৩য় বর্ষের সকল পত্রকোডে/কোর্সে উত্তীর্ণ (সর্বনিম্ন গ্রেড D প্রাপ্ত) পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।


অধ্যক্ষ

গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ